



বার্ষিক প্রতিবেদন ২০২৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

ভিশন : সার্বজনীন ব্যবহারবান্ধব পদ্ধতিতে নির্ভরযোগ্য, প্রাসঙ্গিক ও সময়োপযোগী তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ।

মিশন : (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দিকনির্দেশনায় ও নেতৃত্বে একটি সুসজ্জাত, পেশাদারি, দক্ষ ও কার্যকরী পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা;
(২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের চলমান ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে স্বচ্ছ ও সময়োপযোগী প্রক্রিয়ায় আন্তর্জাতিক মান ও সর্বোত্তম পরিসংখ্যান চর্চার পদ্ধতি অনুসরণপূর্বক সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করা।

বিবিএস এর কার্যাবলিঃ

- (ক) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;
- (খ) জনশুমারি, কৃষিশুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- (গ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষাপ্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
- (ঘ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;
- (ঙ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ, পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
- (চ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; যে কোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;
- (ছ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;
- (ঝ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;
- (ঝা) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization); এবং (ঞ) উপর্যুক্ত দায়িত্বপালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কাজের বিবরণঃ

- ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন;
- ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ;
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন;
- মাসিক কৃষি মজুরী হার নিরূপন;
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান;
- সেবা গ্রহীতার চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা;

অর্থবছর ২০২৩-২০২৪ এ বিবিএস পরিচালিত শুমারী ও জরিপ সমূহঃ

- প্রায়োগিক স্বাক্ষরতা জরিপ (LAS)
- আর্থসামাজিক ও জনমিতিক জরিপ (SEDS)
- খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প (FIES)
- হস্ত ও কারুশিল্প পণ্যশিল্প
-

গত ২০২২ - ২৩ ও ২০২৩ - ২০২৪ অর্থ বছরের রাজনগর উপজেলার ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট, আলু) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাবঃ

| ফসলের নাম | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | |
|--------------|---------------------------|--------------------|---------------------------|--------------------|
| | আবাদি জমির আয়তন (একর) | উৎপাদন (মে.টন) | আবাদি জমির আয়তন (একর) | উৎপাদন (মে.টন) |
| আউশ | ১২৭৫৫ | ২৬০৩০ | ১০৩২৭ | ২২৫৪৫ |
| আমন | ৩২৯০১ | ৪৯৫১৯ | ৩২৩৫০ | ৪৯৪৭৭ |
| বোরো | ৩৩৮১০ | ৩৫০৫৮ | ৩৩৮৪৫ | ৩৫১১৫ |
| পাট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| গম | ১.৩ | ০.৯৮ | ১.৩২ | ০.৯৮৫ |
| আলু | ১৯১ | ৭৭৬ | ২০১ | ৮২০ |

*এছাড়া ১৪০টি অপ্রধান ফসলের মধ্যে যে সকল ফসল রাজনগর উপজেলায় চাষাবাদ করা হয় সেসকল ফসলের আয়তন (একরে) ও উৎপাদন দেওয়া হয়।
